

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ২. ২৫. দু' হাজার ও তিন হাজারের বৈপরীত্য

মসজিদের জন্য শলোমন একটা জলাধার নির্মাণ করেন। এতে কি পরিমাণ পানি ধরত? রাজাবলি বলছে দু হাজার, কিন্তু বংশাবলি বলছে তিন হাজার বাথ।

১ রাজাবলির ৭/২৬ বলছে: "তাহাতে দুই সহস্র বাৎ (baths) ধরিত (কি. মো.: চুয়াল্লিশ হাজার লিটার)।" একই বিষয়ে ২ বংশাবলি ৪/৫ বলছে: "তাহাতে তিন সহস্র বাৎ (baths) ধরিত (কি. মো.: ছেষটি হাজার লিটার)।" উভয় তথ্য পরস্পর বিরোধী এবং দুয়ের মধ্যে এক হাজার বাথ বা ২২ হাজার লিটারের পার্থক্য!

Source — https://www.hadithbd.com/books/link/?id=13982

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন